



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nilg.gov.bd

নম্বর: ৪৬.০১৮.০০০০.০০১.০৩.১০৩.২৫-৭৫১

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২
৩০ নভেম্বর ২০২৫

নিয়োগপত্র

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-এর ১৯ জানুয়ারি ২০২৫ তারিখের ৪৬.১৮.০০০০.০০১.০৩.১০৩.২৫-১৫৬ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ আগস্ট ২০২৫ তারিখের ২১৭ নং স্মারকে জারীকৃত পরিপত্র অনুসারে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের রাজস্ব খাতভুক্ত 'সহকারী গবেষণা কর্মকর্তা' পদে নিয়োগ পরীক্ষা-২০২৫ এর আওতায় প্রণীত অপেক্ষমাণ তালিকা হতে মেধাক্রম অনুযায়ী নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	মেধাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
০১.	২য়	১৩০১৮৫৫	জনাব মো: আবু রায়হান পিতা: মো: মতিয়ার রহমান মাতা: মোছা: রোকেয়া বেগম	প্রযত্নে- মো: মতিয়ার রহমান গ্রাম: গোড়াই রঘুরায় ব্যাপারী পাড়া ডাকঘর: গোড়াইহাট উপজেলা: উলিপুর জেলা: কুড়িগ্রাম	প্রযত্নে- মো: মতিয়ার রহমান গ্রাম: গোড়াই রঘুরায় ব্যাপারী পাড়া ডাকঘর: গোড়াইহাট উপজেলা: উলিপুর জেলা: কুড়িগ্রাম

০২। শর্তাবলি:

- যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;
- চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) জমা প্রদান করতে হবে;
- চাকরিতে যোগদানের পর দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপ টেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদ ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে। চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, 'তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না';
- চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

৮. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে নিয়োগপ্রাপ্ত পদে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
৯. চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
১০. নিয়োগপ্রাপ্ত প্রার্থীর চাকরি জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০ দ্বারা নিয়ন্ত্রিত হবে;
১১. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
১২. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৯ অগ্রহায়ণ ১৪৩২ / ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ পূর্বাঞ্চে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটে উপস্থিত হয়ে মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩০/১২/২০২৫
(মো: আব্দুল কাইয়ুম)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৫৫০০৬৯৮৮
nilgbd@gmail.com

নম্বর: ৪৬.০১৮.০০০০.০০১.০৩.১০৩.২৫-৭৫১/১(২৮)

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২
৩০ নভেম্বর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। পরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা;
- ৩। যুগ্মপরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা;
- ৪। উপসচিব, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫। সিভিল সার্জন -----
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৭। উপপরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা;
- ৮। সহকারী পরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা;
- ৯। গ্রন্থাগারিক/গবেষণা কর্মকর্তা (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/প্রকাশনা কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা;
- ১০। জনাব/মিজ -----
- ১১। অফিস কপি/মাস্টার ফাইল।

৩০/১২/২০২৫
(মো: হাফিজুর রহমান চৌধুরী)
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও সমন্বয়)
ফোন: ০২-৫৫০০৬৯৮৮

hrchowdhury123@gmail.com